# কুমিল্লা ক্লাব, কুমিল্লা

## কুমিল্লা ক্লাব, কুমিল্লা এর অতিরিক্ত সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মো: আমিরুল কায়ছার, জেলা প্রশাসক, কুমিল্লা ও সভাপতি, কুমিল্লা ক্লাব, কুমিল্লা |
| তারিখ | : ২১ সেপ্টেম্বর ২০২৪ |
| সময় | : বেলা ০৩:৩০ ঘটিকা |
| সভার স্থান | : কুমিল্লা ক্লাব ভবন |

উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। তিনি ০৫ আগস্ট ২০২৪ তারিখ ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহিদদের আত্মার মাগফেরাত কামনা করেন। সভায় শহিদ ছাত্র-জনতা ও ক্লাবের প্রয়াত সদস্যদের স্মরণে দাঁড়িয়ে ০১ (এক) মিনিট নীরবতা পালন করা হয়। সভায় গত ০৫ আগস্ট ২০২৪ তারিখ ছাত্র-জনতার গণঅভ্যুত্থান পরবর্তী জনরোষের ফলে ক্লাবে সংঘটিত অগ্নিকান্ডের একটি ভিডিও চিত্র সভায় উপস্থাপন করা হয়। অতঃপর সভাপতি উপস্থিত সদস্যদের উন্মুক্ত আলোচনার জন্য আহবান জানান।

০২। উন্মুক্ত আলোচনায় সদস্যবৃন্দ জানান, কুমিল্লা ক্লাব একটি স্বনামধন্য ও ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। গত ০৫ আগস্ট ২০২৪ তারিখ ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের দিন জনরোষের ফলে ক্লাবে ব্যাপক ভাংচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে, ফলে ক্লাবটি ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে, যা জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। সভায় উপস্থিত সদস্যগণ বলেন, ক্লাবের বর্তমান কার্যনির্বাহী পরিষদ জনরোষ প্রশমনে কোন কার্যকর পদক্ষেপ গ্রহণে নিষ্ক্রিয় ছিলেন এবং পরবর্তীতে ক্লাবের জরুরি মেরামত ও নিয়মিত কার্যক্রমে অংশগ্রহণ করা থেকে বিরত রয়েছেন। ক্লাবের নিয়মিত কার্যক্রম পরিচালনার স্বার্থে একটি এডহক কমিটি গঠনের লক্ষ্যে ক্লাবের গঠনতন্ত্রের ৩৩(ক) ধারা অনুযায়ী অদ্যকার অতিরিক্ত সাধারণ সভা আহবান করা হয়েছে। সভায় উপস্থিত সদস্যগণ ক্লাবের বর্তমান কার্যপরিষদ বিলুপ্ত এবং গঠনতন্ত্র সংশোধন করার উপর গুরুত্বারোপ করেন।

০৩। সদস্য জনাব মোঃ হুমায়ুন কবির বলেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন দমনে ব্যবহৃত গাড়ী ক্লাবের অভ্যন্তরে রাখা হতো। এই গাড়িগুলো কার ছিল, কারা গাড়ি পুড়িয়েছে এবং কে আগুন দিয়েছে, এ বিষয়ে তদন্ত হওয়া আবশ্যক।

০৪। সদস্য জনাব নজরুল হক স্বপন বলেন, ক্লাবটি রাজনৈতিক প্রভাবমুক্ত রাখতে হবে। ক্লাবের সংস্কার ও মেরামত কাজে ক্লাব সদস্যদের সহায়তা নেয়া যেতে পারে। তিনি আরও জানান, ক্লাবের সম্মানিত সদস্য আলহাজ্ব অধ্যাপক ফারুক আহমেদ মসজিদ ও ক্যান্টিনের সংস্কার কাজ নিজ খরচে করে দেয়ার ইচ্ছা পোষণ করেছেন।

০৫। সদস্য জনাব জহিরুল হক দুলাল ক্লাবের সদস্যবৃন্দের রাজনৈতিক মতাদর্শের উর্ধ্বে নির্দলীয় অবস্থান ধরে রাখার ব্যাপারে গুরত্বারোপ করেন। তিনি এডহক কমিটির মেয়াদ ০৩ (তিন) মাস অর্থাৎ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত করার প্রস্তাব করেন।

০৬। সদস্য জনাব ইমরুল আনোয়ার লিটন বলেন, ক্লাবের গঠনতন্ত্র ত্রুটিপূর্ণ। এই গঠনতন্ত্র সাধারণ সদস্যবৃন্দের আশা-আকাঙ্খার প্রতিফলন ঘটাতে ব্যর্থ হওয়ায় তা সংশোধন করা প্রয়োজন। সংস্কার কাজে ক্লাবের কল্যাণ

তহবিল খরচ না করার জন্য তিনি পরামর্শ দেন। সংস্কার উপ-কমিটিতে সিভিল ইঞ্জিনিয়ার, আর্কিটেক্ট, ইলেকট্রিক ইঞ্জিনিয়ার, আইনজীবী ও প্রশাসনের প্রতিনিধি রাখা যেতে পারে এবং আপাতত ০৩ (তিন) মাসের জন্য এডহক কমিটি গঠন করা যেতে পারে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন।

০৭। সদস্য জনাব ইউসুফ মোল্লা টিপু বলেন, যাদের কারণে ক্লাব ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের বিরুদ্ধে ক্ষতিপূরণের মামলা করা যেতে পারে। ইতোপূর্বে ক্লাবের কোন হিসাব উপস্থাপন করা হতো না। ক্লাবের যাবতীয় আয় ও ব্যয়ের হিসাব নিয়মিতভাবে সদস্যগণের নিকট উপস্থাপনের বিষয়ে তিনি মতামত ব্যক্ত করেন। এছাড়া তিনি এডহক কমিটিকে পর্যাপ্ত সময় দেয়ার পরামর্শ দেন এবং এডহক কমিটি গঠনের জন্য সদস্যদের মধ্য থেকে জনাব ইমরুল আনোয়ার লিটন, জনাব জহিরুল হক দুলাল, জনাব এ এফ শাহরিয়ার, জনাব রইছ আবদুর রব, এ্যাডভোকেট শহীদুল হক স্বপন ও জনাব দেলোয়ার হোসেন মানিক এর নাম অন্তর্ভূক্তির প্রস্তাব করেন।

০৮। সদস্য ডা. মোসলেহ উদ্দীন বলেন, সংস্কার কাজে একজন ইঞ্জিনিয়ার কো-অপ্ট করা যেতে পারে এবং এডহক কমিটির মেয়াদ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত নির্ধারণ করা যেতে পারে।

০৯। সদস্য জনাব আমিনুর রশিদ ইয়াছিন বলেন, ক্লাবকে সকল পর্যায়ের রাজনৈতিক প্রভাবমুক্ত রাখতে হবে। তিনি ক্লাবকে সুস্থ বিনোদন ও সদস্যদের সামাজিক মিলনমেলার কেন্দ্রবিন্দু হিসেবে গড়ে তোলার পরামর্শ দেন।

১০। সভায় বিস্তারিত আলোচনায় সদস্যগণ ছাত্র-জনতার গণঅভ্যুত্থান পরবর্তী দেশের সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি এবং আসন্ন শারদীয় দুর্গোৎসব বিবেচনায় বর্তমান গঠনতন্ত্রের ৩১(খ) এর আলোকে আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্বাচনের সুযোগ নাই মর্মে একমত পোষণ করেন। এই পরিপ্রেক্ষিতে গঠনতন্ত্রের ৩১(খ)(গ) এর আলোকে কার্যকরী পরিষদের নির্বাচন সম্পন্ন করার নিমিত্ত একটি এডহক কমিটি গঠনপূর্বক কমিটিকে পর্যাপ্ত সময় দেয়ার বিষয়ে উপস্থিত সদস্যগণ প্রস্তাব করেন। বর্তমান ২০২৪-২০২৫ মেয়াদের কার্যনির্বাহী পরিষদ বিলুপ্ত করে এডহক কমিটি গঠনের ক্ষেত্রে গঠনতন্ত্রের ৩১(ক) অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভাপতিকে সভায় অনুরোধ করা হয়। বিদ্যমান পরিস্থিতিতে Doctrine of Necessity বিবেচনায় এডহক কমিটিকে নির্বাচন সম্পন্ন করার জন্য গঠনতন্ত্রের ৩১(খ)(গ) অনুযায়ী ৩০(ত্রিশ) দিনের স্থলে ৯০(নব্বই) দিন সময় প্রদান করার বিষয়ে উপস্থিত সকলে ইতিবাচক অভিমত ব্যক্ত করেন।

১১। সভাপতি ক্লাবের যে কোন কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন। তিনি উপস্থিত সদস্যদের বক্তব্য ও মতামতের প্রেক্ষিতে এডহক কমিটি, ক্লাব মেরামত ও সংস্কার, এবং গঠনতন্ত্র সংস্কার উপ-কমিটি গঠনের বিষয়ে আলোকপাত করেন।

১২। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) কুমিল্লা ক্লাবের ২০২৪-২০২৫ বছরের কার্যনির্বাহী কমিটি বিলুপ্ত করা হল;

খ) কুমিল্লা ক্লাবের কার্যনির্বাহী পরিষদ নির্বাচনের নিমিত্ত নিম্নরূপ এডহক কমিটি গঠন করা হল:

| | |
|---|---|
| ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুমিল্লা | -আহবায়ক |
| ২. জনাব এ এফ শাহরিয়ার, সদস্য, কুমিল্লা | -সদস্য |
| ৩. জনাব দেলোয়ার হোসেন মানিক, সদস্য, কুমিল্লা ক্লাব | -সদস্য |

**এডহক কমিটির কার্যপরিধি:**

- এডহক কমিটি অদ্যকার অতিরিক্ত সাধারণ সভার পরবর্তী ৯০(নব্বই) দিনের মধ্যে কার্যনির্বাহী পরিষদ গঠনের লক্ষ্যে নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করবে এবং নির্বাচিত কার্যনির্বাহী পরিষদের নিকট ক্লাবের সকল দায়িত্ব বুঝিয়ে দিবে; এবং
- নির্বাচিত কার্যনির্বাহী পরিষদের নিকট দায়িত্ব হস্তান্তরের পূর্ব পর্যন্ত এডহক কমিটি ক্লাবের দৈনন্দিন কর্মকান্ড পরিচালনা করবে।

গ) গণঅভ্যুত্থান পরবর্তী জনরোষে ক্ষতিগ্রস্ত কুমিল্লা ক্লাবের সংস্কার ও মেরামতের লক্ষ্যে নিম্নরূপ সংস্কার ও মেরামত উপ-কমিটি গঠন করা হল:

| | |
|---|---|
| ১. উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল), কোটবাড়ী গণপূর্ত উপ-বিভাগ, কুমিল্লা | - আহবায়ক |
| ২. জনাব রইছ আবদুর রব, সদস্য, কুমিল্লা ক্লাব | -সদস্য |
| ৩. এ্যাডভোকেট শহীদুল হক স্বপন, সদস্য, কুমিল্লা ক্লাব | -সদস্য |

* উপ-কমিটি প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে, তবে কমিটির মোট সদস্য সংখ্যা ০৫ (পাঁচ) এর অধিক হবে না।

**সংস্কার ও মেরামত কমিটির কার্যপরিধি:**

- সংস্কার ও মেরামত উপ-কমিটি ক্লাবের ন্যূনতম প্রয়োজনীয় সংস্কার ও মেরামত কাজ সম্পন্ন করবে;
- কমিটি নিয়মিতভাবে অনুদান গ্রহণ ও ব্যয় বিবরণী এবং কাজের অগ্রগতি সর্বসাধারণের জন্য ক্লাবের ওয়েবসাইটে প্রকাশ করবে; এবং
- উপ-কমিটি সম্পাদিত সংস্কার ও মেরামত কাজের যথাযথ তথ্য ও ব্যয় বিবরণী আবশ্যিকভাবে পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করবে;

ঘ) কুমিল্লা ক্লাবের বর্তমান গঠনতন্ত্র সংস্কারকল্পে নিম্নরূপে গঠনতন্ত্র সংশোধন উপ-কমিটি গঠন করা হল:

| | |
|---|---|
| ১. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা | - আহবায়ক |
| ২. জনাব জহিরুল হক দুলাল, সদস্য, কুমিল্লা ক্লাব | -সদস্য |
| ৩. জনাব ইমরুল আনোয়ার লিটন, সদস্য, কুমিল্লা ক্লাব | -সদস্য |

* উপ-কমিটি প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে, তবে কমিটির মোট সদস্য সংখ্যা ০৫ (পাঁচ) এর অধিক হবে না।

**গঠনতন্ত্র সংস্কার কমিটির কার্যপরিধি:**

- উপ-কমিটি আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে একটি খসড়া গঠনতন্ত্র প্রণয়নপূর্বক মতামতের জন্য ক্লাবের সকল সদস্যের নিকট ডাকযোগে এবং ই-মেইলে প্রেরণ নিশ্চিত করবে;
- গঠনতন্ত্র সংশোধন উপ-কমিটি আবশ্যিকভাবে গঠনতন্ত্রের খসড়ার উপর প্রাপ্ত মতামতসহ গঠনতন্ত্র সংশোধন প্রস্তাবনা পরবর্তী সাধারণ সভায় উপস্থাপন করবে।

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং ক্লাবে স্বাভাবিক পরিবেশ নিশ্চিতকল্পে সকলের সম্মিলিত অংশগ্রহণ কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০১/২০২৪

মো: আমিরুল কায়ছার
জেলা প্রশাসক, কুমিল্লা
ও
সভাপতি
কুমিল্লা ক্লাব, কুমিল্লা